

তারিখঃ ১৫-১০-২০ (পৃঃ ০৫)

## মোরেলগঞ্জে ব্রি-৭৫ আমন ধানের বাম্পার ফলন

**প্রতিনিধি, মোরেলগঞ্জ (বাগেরহাট)**

বাগেরহাটের মোরেলগঞ্জে আমন মৌসুমে নতুন প্রজাতির আমন ব্রি ধান-৭৫ এর বাম্পার ফলনে কৃষকের মুখে হাঁসি ফুটেছে। প্রতি বিঘায় ৬৬ মন ধান ঘরে তুলছে কৃষক। গত সোমবার দুপুরে পঞ্চকরণ ইউনিয়নের মহিষচরনী গ্রামে আনুষ্ঠানিকভাবে এ ধান কাটার শুরু করেছে কৃষকরা।

সরেজমিন খোঁজ নিয়ে জানা গেছে, পঞ্চকরণ ইউনিয়নের মহিষচরনী গ্রামের কৃষক ইব্রাহিম হাওলাদার (৩৮) উপজেলা কৃষি অফিসের পরামর্শ অনুযায়ী তার ৩৩ শতক ফসলি জমিতে নতুন প্রজাতির স্বল্পমেয়াদি জীবনকাল সুগন্ধী আমন ধানের ব্রি-৭৫ চাষাবাদ করেন। এ বীজ রোপণের ৯৫ দিন পর পাকা ধান ঘরে তুলছেন তিনি। প্রতি কাঠা জমিতে ২ মণ করে ধান, বিঘায় ৬৬ মণেরও বেশি ফসল পাবেন বলে আশা করছেন। বাজারে এ ধান প্রতি মণ বিক্রি হচ্ছে ২ হাজার থেকে ২৫শ' টাকা। বাম্পার ফলনের জন্য তিনি কৃষি বিভাগের কর্মকর্তাদের ধন্যবাদ জানান।

পাশাপাশি সকল কৃষকদের চাহিদা অনুযায়ী পরবর্তী মৌসুমে এ প্রজাতির বীজ তিনি সরবরাহ করে এলাকায় উৎপাদনশীলতা বৃদ্ধি করবেন।

এ সম্পর্কে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা দীপংকর সমাদ্দার বলেন, ব্রি ধান-৭৫ নতুন এ প্রজাতির ধান উৎপাদনের ক্ষেত্রে উপজেলা কৃষি অধিদপ্তরের মাধ্যমে কৃষককে সম্মানিতাসহ এক দিনের প্রশিক্ষণ বিনামূল্যে ৫ কেজি বীজ প্রয়োজনীয় রাসায়নিক সার, ক্ষেত পরিচর্যার জন্য নগদ টাকাসহ সঠিক সময়ে সঠিক পরামর্শ দেয়া হয়েছে। তবে পোকামাকড়-রোগবালাই আশার

পূর্বেই কৃষক তার স্বল্প সময়ে অতিরিক্ত ফসল ঘরে তুলতে পারছেন।

ইউনিয়ন চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আব্দুর রাজ্জাক মঞ্জুমদার বলেন, নতুন প্রজাতির এ ধানের বাম্পার ফলনে এলাকায় সাড়া পড়ে গেছে। পরবর্তীতে মৌসুমে কৃষকদের চাহিদা অনুযায়ী এলাকায় এ প্রজাতির বীজ সরবরাহ বৃদ্ধি করে উৎপাদনশীলতা বাড়ানোর দাবি জানান।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আব্দুর রাজ্জাক মঞ্জুমদার, সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্বরত উপসহকারী কৃষি কর্মকর্তা দীপংকর সমাদ্দারসহ স্থানীয় কৃষকরা।

